

সীমিত

খাতওয়ারী মে ২০১৮ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। সর্বমোট অর্জন। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী মে ২০১৮ মাসের সর্বমোট ২৩২ কোটি ৬০ লক্ষ ৯৯ হাজার টাকার সাফল্য অর্জন করে।

২। চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য। মে ২০১৮ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ৭৭ কোটি ৩৬ লক্ষ ৭৯ হাজার টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	অকটেন/ডিজেল	৬,২৪০ লিটার	৪,০৯,৬৮০/০০
২।	বার্থিং হাউজার/ওয়্যার রোপ	১,৩১০ মিটার	২৫,০০,০০০/০০
৩।	শাড়ি/লেহেঙ্গা/শাল	১,৭১৯ পিস	১,৩৫,২৮,০০০/০০
৪।	শামুক/ঝিনুক	১৯,৭২০ কেজি	১,৫৭,৭৬০/০০
৫।	হাঙ্গর	১৬০ কেজি	১,৯২,০০০/০০
৬।	খ্রি পিস	৪০৪ পিস	২০,২০,০০০/০০
৭।	থামি কাপড়	১৩৮ পিস	৫৫,২০০/০০
৮।	গোল্ড	৪৫৪ গ্রাম	১৮,৫৩,৯৫০/০০
৯।	ক্রিম	৬,৯৮৬ পিস	৯,৪৩,১১০/০০
১০।	পাংগাস পোনা	৭০০ কেজি	২,৪৫,০০০/০০
১১।	অন্যান্য (চারু, লোহা, সিলিভার)	-	৫,০২,৮০০/০০
অস্ত্র উদ্ধার			
১।	অস্ত্র	০৫ টি	-
২।	তাজা গোলা	১২ রাউন্ডস	-
৩।	রামদা/ছুরি/দা	০৮ টি	-
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	১৪,৭৯,০১২ পিস	৭৩,৯৫,৬৬,৫০০/০০
২।	বিভিন্ন ধরনের বিয়ার	২,৬২৮ বোতল/ক্যান	৩১,০৯,০০০/০০
৩।	গাঁজা	৪,৩৫০ গ্রাম	৮৭,০০০/০০
৪।	সিগারেট	৭,০০০ শলাকা	৭০,০০০/০০
৫।	বাংলা মদ	৪,০০০ লিটার	২০,২০,০০০/০০
বনজ সম্পদ			
১।	বিভিন্ন প্রকার কাঠ	১,০০১.৩ ঘনফুট	৩৯,০১,৫০০/০০
পরিবেশ রক্ষা			
১।	পলিথিন	৮,৯৫০ কেজি	১৩,৫৭,৫০০/০০
২।	হরিণের মাথা	০২ টি	-
৩।	হরিণের মাংস	৩০ কেজি	-
আটককৃত বাহন			
১।	বোট/ট্রাক/মটর সাইকেল	০৫ টি	১১,৬০,০০০/০০
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	২১ জন	-
উদ্ধার অভিযান			
১।	ক্রু উদ্ধার	১২ জন	-
সর্বমোট			৭৭,৩৬,৭৯,০০০/০০

সীমিত

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** মৎস্য সম্পদ রক্ষা অভিযানে মে ২০১৮ মাসে সর্বমোট ১৫৫ কোটি ২৪ লক্ষ ২০ হাজার ৯৫০ টাকার ২,৬৮,৭৯,২০০ মিটার কারেন্ট জাল, ৭২,৯৫,৬০০ মিটার অন্যান্য জাল, ৭১৮ পিস বেহন্দি/ মশারি জাল, ১,৭৯০ কেজি জাটকা, ২,৮২,১১,২৮০ পিস রেনু পোনা, ২৮ টি বোট ও ৬০ জন জেলেকে আটক করা হয়।

৪। **রোহিঙ্গা অনুপ্রবেশ রোধ।** সম্প্রতি মায়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশান টেকনফ, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট বাহারছড়া ও শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন করা হয়েছে। পাশাপাশি উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রস্তুতি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষণিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বাহিনী বহরে সদ্য সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক মে ২০১৮ মাসে মোট ২৭ জন বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিককে হিমছড়ি এলাকা হতে আটক করে কুতুপালং টানজিট সেন্টার ও ০১ টি বোটকে রামু থানায় হস্তান্তর করা হয়।

৫। **চোরাচালান বিরোধী অভিযান।** গত ২৫ মে ২০১৮ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর সিজি বেইস চট্টগ্রাম ও র্যাব যৌথ অভিযান পরিচালনার মাধ্যমে কোতোয়ালী থানাধীন আন্দারকিলিঙা এলাকা হতে ১১৪৫ পিস শাড়ি, ৮৮ পিস লেহেঙ্গা, ২৬৮ পিস পাঞ্জাবি ও ৬৬ পিস শাল আটক করে যার আনুমানিক মূল্য টাকা ১,২০,০৮,০০০/০০ (টাকা এক কোটি বিশ লক্ষ আট হাজার মাত্র)। পরবর্তীতে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য মালামাল কোতোয়ালী থানায় হস্তান্তর করা হয়। এছাড়াও, গত ৩১ মে ২০১৮ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর সিজি বেইস চট্টগ্রাম ও র্যাব যৌথ অভিযান পরিচালনার মাধ্যমে কোতোয়ালী থানাধীন টেরি বাজার এলাকা হতে ১৫২ পিস শাড়ি ও ৪০৪ পিস থ্রি পিস আটক করে যার আনুমানিক মূল্য টাকা ৩৫,৪০,০০০/০০ (টাকা পঁয়ত্রিশ লক্ষ চল্লিশ হাজার মাত্র)। পরবর্তীতে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য মালামাল চট্টগ্রাম কাস্টমস এর নিকট হস্তান্তর করা হয়।

৬। **বনদস্যু দমন অভিযান।** গত ১৪ মে ২০১৮ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর সিজি বেইস মংলা এবং সিজি আউটপোস্ট নলিয়ান যৌথভাবে দাকোপ থানাধীন কালাবগি খাল সংলগ্ন এলাকায় অভিযান পরিচালনা করে। কোস্ট গার্ড বাহিনীর উপস্থিতি বুঝতে পেরে বনদস্যু আসাফুর বাহিনীর সদস্যগণ কোস্ট গার্ড বাহিনী সদস্যদের উপর গুলি চালায় এবং এক পর্যায়ে কোস্টগার্ড বাহিনীর সদস্যরাও পাল্টা গুলি চালায়। গোলাগুলির এক পর্যায়ে ডাকাত সদস্যগণ উক্ত স্থান হতে পালাবার চেষ্টাকালে ০১ টি ডাবল ব্যারেল গান, ০২ টি পাইপ গান, ০৪ টি পাইপ গান ব্যারেল ও ১২ রাউন্ড তাজা গোলাসহ (আসাফুর বাহিনীর) ০২ জন সদস্যকে আটক করা হয়। পরবর্তীতে আটককৃত বনদস্যু, অস্ত্র ও তাজাগোলা দাকোপ থানায় হস্তান্তর করা হয়।

৭। **উদ্ধার অভিযান।** গত ১১ মে ২০১৮ তারিখে মেঘনা নদীতে কাটাখালী নামক স্থানে এমভি সাফতুল হক-০২ এবং এমভি মিলিনিয়াম এর সাথে সংঘর্ষ হয়। পরবর্তীতে ক্লিংকার বোঝাই এমভি মিলিনিয়াম ১২ জন ক্রু নিয়ে ডুবতে থাকে। স্থানীয়ভাবে খবরের ভিত্তিতে সিজি আউটপোস্ট হাইমচর এর সদস্যরা ঘটনাস্থলে গিয়ে ১২ জন ক্রুকে উদ্ধার করে। পরবর্তীতে ক্রুদেরকে হাইমচর পুলিশ স্টেশনে হস্তান্তর করা হয়।

৮। **অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবীদের পরিসংখ্যান।** মে ২০১৮ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবী আটক করা হয় নাই।